

টেনশনে আছেন

মডেল তিনি চলচ্চিত্রে নাম লিখিয়েও শান্তিতে নেই। দারুণ টেনশনে তার সময় কাটছে। কারণ দু'মাস আগে মরহুম হয়ে যাওয়ার পরও ছবির শুটিং শুরু হচ্ছে না। বাদল খন্দকার পরিচালিত 'বৃষ্টির চোখে জল' ছবিতে তিনি অভিনয় করার কথা শাহেদের বিপরীতে। কিন্তু বিভিন্ন কারণে ছবির কাজ এখনও শুরু হচ্ছে না। বিশেষ সূত্র মতে, ছবির কাজ আদৌ শুরু হবে কিনা সন্দেহ। তাই তিনি ভাবছেন, অন্য কারো ছবি দিয়ে কেরিয়ার শুরু করবেন। উল্লেখ্য, মনতাজুর রহমান আকবর ও মান্নার দুটি ছবিতে তিনি সাইন করেছেন। তিনি একজন শুভাকাঙ্ক্ষী জানালেন, তিনি যত দেরি করবেন, তত ভাল করবেন। তার উচিত তাড়াতাড়ি অন্য পরিচালকের ছবি শুরু করে দেয়া।

অবশেষে বাতিল

সিঙ্গাপুরে এক সঙ্গে বেশ কয়েকটি নাটকের শুটিং অবশেষে বাতিল হয়। এ দলের সিঙ্গাপুরের উদ্দেশ্য রওনা দেবার কথা ছিলো ২৮ আগস্ট রাতে। কিন্তু অবশেষে বাতিল হলো যাত্রা। এর কারণ সম্পর্কে দলটির একটি সূত্রে জানা যায়, শিল্পীরা শেষ মুহূর্তে দাবী করেন বিদেশে শুটিং হলেও তাদের শিল্পী সম্মানী দিতে হবে। এর আগে বিদেশে শুটিং-এ শিল্পী সম্মানী নেয়নি। যেহেতু পরিচালকেরা তাদের সম্মানী নিবে। যেহেতু শিল্পীরা কেন ছাড় দিবে। এই নিয়ে দ্বন্দ্বের সৃষ্টি হলে শিল্পীরা যেতে রাজি হয় না। যার কারণে বাতিল হয় সিঙ্গাপুর যাত্রা।

অসুস্থ সুলতানা

এক সময়ের আলোচিত ও গুণী অভিনয় শিল্পী সুলতানা জামান এখন অসুস্থ। তিনি বর্তমানে হৃদরোগে আক্রান্ত হয়ে অসুস্থ। তার স্বামী বিখ্যাত চিত্রগ্রাহক কিউ জামান।

আট বছর পর

সেপ্টেম্বর দুপুরে সুনামধন্য অভিনয় শিল্পী ও বিজ্ঞাপন নির্মাতা আফজাল হোসেন দ্বিতীয়বারের মতো পুরস্কারের জনক হলেন। স্থানীয় একটি

হাসপাতালে সিজারিং অপারেশনের মাধ্যমে তার স্ত্রী তাজিন হালিম এ পুরস্কারের জন্য দেন। উল্লেখ্য, আট বছর পর আফজাল হোসেন দ্বিতীয় সন্তানের পিতা হন। তার প্রথম পুত্র আরেফ আফজাল নবজাতকের নাম রেখেছেন ঈমান আফজাল।

হৃদয়ের মিতালী

মডেল কাম অভিনেত্রী জনা আফরিনও চলচ্চিত্রে এলেন। ৬ সেপ্টেম্বর 'হৃদয়ের বাঁশি' ছবি দিয়ে তার পর্দা অভিনয় ঘটতে চলছে। নায়িকা হিসেবে তিনি নাম দিয়েছেন মিতালী। এখন থেকে জনা নামের পরিবর্তে মিতালী নামেই পরিচিত হবেন। রেজা হাসমত পরিচালিত 'হৃদয়ের বাঁশি' ছবিতে তার নায়ক



হৃদয়ের বাঁশি ছবিতে মিতালী ও শাকিল খান

শাকিল খান। উল্লেখ্য, এই দু'জনকে নিয়ে নানা কথা ইভাস্টিতে। শোনা গেছে, ইতিমধ্যে তারা বিয়ে করে সংসারও শুরু করে দিয়েছেন। এতো ঘটনার পরেও ছবির প্রযোজক ছবিটি নিয়ে দারুণ আশাবাদী। তার মতে ছবিটি গানপ্রধান। আর গ্রামোগজে গানপ্রধান ছবি প্রচুর দর্শক টানে।